

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়  
প্রশাসন-৩ অধিশাখা  
www.mohpw.gov.bd.

নম্বরঃ ২৫.০০.০০০০.০১৫.৯৯.০১৪.১৭. ২৪৬৮

তারিখঃ ০৭ পৌষ ১৪২৪  
২২ ডিসেম্বর ২০১৭

বিষয়ঃ “উন্নয়ন মেলা-২০১৮” উদযাপন সম্পর্কিত সভার কার্যবিবরণী পেরগ।

- সূত্রঃ ১। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১১ অক্টোবর ২০১৭ তারিখের ০৩.৪৫১.০২২.০০০০.২০১৬-২৭৮ সংখ্যক স্মারক;  
২। এ মন্ত্রণালয়ের বাজেট অধিশাখার ১৯ ডিসেম্বর ২০১৭ তারিখের ২৫.০০.০০০০.০১৭.৯৯.০১২.১৭-৭২৭ সংখ্যক স্মারক।


উপর্যুক্ত বিষয়ে ১ম সূত্রোক্ত স্মারক পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উন্নয়ন মেলা ২০১৮ আয়োজনের বিষয়ে ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। প্রস্তাবিত উন্নয়ন মেলা প্রতি বছর সকল জেলা/ উপজেলায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসকে সামনে রেখে ০৯, ১০, ১১ জানুয়ারি ২০১৮ করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উন্নয়ন মেলা ২০১৮ উদযাপনের নিমিত্ত গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন-১) মহোদয়কে সভাপতি করে ০৬ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।

উন্নয়ন মেলা ২০১৮ এর কর্মসূচী নির্ধারণের বিষয়ে গঠিত কমিটি ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখে একটি সভা আহবান করে। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

“যে সমস্ত জেলায় অত্র মন্ত্রণালয়ের একাধিক দপ্তর/ সংস্থা আছে, সে সমস্ত জেলায় প্রত্যেক দপ্তর/ সংস্থা স্টল বরাদ্দ নেওয়ার আবেদন করবে এবং যে সমস্ত জেলায় শুধুমাত্র গণপূর্ত অধিদপ্তরের কার্যালয় আছে, সেখানে দু’টি স্টলের সমান স্পেস চেয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কাছে আবেদন করতে হবে। এ বিষয়ে জেলা প্রশাসনকে মন্ত্রণালয়ের প্রশাসন অধিশাখা থেকে অনুরোধ পত্র প্রেরণ করা হবে”।

০২। বর্ণিত অবস্থায়, উল্লিখিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উন্নয়ন মেলায় গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধিনস্থ কেন্দ্রীয় (ঢাকা) পর্যায়ে একটি প্যাভিলিয়ান এবং জেলা পর্যায়ে দুটি স্টলের আয়তন বিশিষ্ট স্পেস (২০ ফিট-১০ ফিট) বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৬ ফর্দ।

  
জুবাইদা নামরীন  
উপসচিব  
দুরালাপনী-৯৫১২২০১

বিতরণ (কার্যার্থ):

১। জেলা প্রশাসক (সকল).....।

অনুলিপি (জ্যেষ্ঠার্থে/ কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার (সকল).....।  
২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।  
৩। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক, ঢাকা।  
৪। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।  
৫। চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/ চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।  
৬। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।  
৭। পরিচালক (নির্বাহী সেল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।  
৮। পরিচালক, এইচ বি আর আই, ১২০/৩ দারুস সালাম, মিরপুর রোড, ঢাকা।  
৯। পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
১০। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।  
১১। মুখ্য সচিব/ মুখ্য সমন্বয়ক (এসডিজি)/ সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।  
১২। পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
১৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
১৪। সচিবের একান্ত সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
১৫। অতিরিক্ত সচিব/ যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
১৬। অফিস কপি/ মাস্টার ফাইল।